লাতভিয়া

# রিসেপশনের সময় আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:

- আপনার বয়স 18 বছরের নিচে হয়
- আপনি আপনার মা-বাবার মধ্যে একজন বা দুজনের সঙ্গে এসে থাকেন,
- আপনি এবং আপনার পরিবার লাতভিয়ায় অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন।

BENGALI

# বিষয়বস্তু


আপনি এবং আপনার পরিবার এই দেশে নিরাপদ 3

কারা আপনাকে সাহায্য করতে পারেন? 3

আপনি ও আপনার পরিবার কী পাবে? 4

স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার 6

কর্মীদের জানান 7

সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী? 8

শিক্ষার অধিকার 8

কাজ করার অধিকার 9

আপনার অ্যাসাইলাম প্রার্থীতার নথি 9

আপনি ও আপনার পরিবার কোথায় থাকবেন? 10

যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন? 11

আপনি ও আপনার পরিবারের রিসেপশনে কী কী বাধ্যবাধকতা আছে? 12

আপনি বা আপনার পরিবার আপনাদের বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হলে কী হবে? 13

আন্তর্জাতিক সুরক্ষা চাওয়ার নিয়ম ও EU+ দেশের ভ্রমণের নিয়ম 14

যদি আপনি ও আপনার পরিবার কোনো দেশে চলে যান, তাহলে কী হবে? 15

যদি কর্তৃপক্ষের সিদ্ধান্তে আপনি ও আপনার পরিবার অসন্তুষ্ট হন, তাহলে কী করে সাহায্য পাওয়া যাবে? 16


যদি কোনো সহায়তা বদলে যায়, তাহলে কী হবে? 16

যোগাযোগের তথ্য 17

## আপনি এবং আপনার পরিবার এই দেশে নিরাপদ

আপনি ও আপনার পরিবার কর্তৃপক্ষকে জানিয়েছেন যে আপনারা আপনাদের দেশে ফিরে যেতে পারেন না, কারণ আপনারা বিপদে আছেন। তাই আপনারা অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন। আপনি ও আপনার পরিবার এখন লাতভিয়ায়অ্যাসাইলাম প্রার্থী।

## কারা আপনাকে সাহায্য করতে পারেন?



ইউরোপে, যাদের বয়স 18 বছরের নিচে, তাদের সবাইকে শিশু হিসেবে ধরা হয়। প্রতিটি শিশুরই **বিশেষ সহায়তা** পাওয়ার অধিকার আছে।

আপনি এই দেশে থাকাকালীন, নিচের পেশাদার লোকেরা আপনাকে সাহায্য করতে পারেন, যেমন:

- একজন **সামাজিক কর্মী বা মেন্টর** আপনাকে ও আপনার পরিবারকে প্রতিদিনের দরকারে সাহায্য করবেন, অথবা এমন বিশেষজ্ঞদের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন, যারা কোনো নির্দিষ্ট বিষয়ে সাহায্য করতে পারেন।
- একজন **চিকিৎসক** বা **নার্স** আপনাকে সাহায্য করবেন, যদি আপনি অসুস্থ বোধ করেন, আহত হন, বা কোনো চিকিৎসার প্রয়োজন হয়।
- **একজন মনোবিজ্ঞানী** আপনাকে সাহায্য করবেন যদি আপনি বিষণ্ন, রাগান্বিত, ভীত বা চিন্তিত বোধ করেন, বা ঘুমাতে সমস্যা হয়।
- একজন **আইনি পরামর্শদাতা** আপনাকে ও আপনার পরিবারকে বুঝতে সাহায্য করবেন অ্যাসাইলাম প্রসিডিউরে কী হবে, আর যদি মনে হয় আপনাদের অধিকার মানা হচ্ছে না, তখন কী করতে হবে।
- **একজন দোভাষী** আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করতে পারে যা আপনি বুঝতে পারেন। তাদের কাজ হলো, আপনি ও অন্যরা যা বলছে, তা ঠিকভাবে অনুবাদ করা।


আপনার কোনো সমস্যা আছে কি? আপনি সব সময় স্টাফদের কাছে সাহায্য ও সমর্থনের জন্য প্রশ্ন করতে পারেন। ভয় পাবেন না, সমস্যাগুলো একসাথে সমাধান করা যায়।

## আপনি ও আপনার পরিবার কী পাবেন?

কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম সংক্রান্ত আবেদন পরীক্ষা করার জন্য যে সময় নেবেন সেই সময় পর্যন্ত অপেক্ষা করাকালীন আপনারা বিভিন্ন ধরনের সহায়তা এবং পরিষেবা পাবেন। এটিকে বলা হয় **রিসেপশন**।

একজন শিশু ও অ্যাসাইলাম প্রার্থী হিসেবে আপনার কিছু অধিকার আছে, কিন্তু কিছু বাধ্যবাধকতাও আছে যেগুলো পালন করা খুব গুরুত্বপূর্ণ। এগুলো এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

যদি আপনি এই ব্রোশিওরের কোনো অংশ বুঝতে না পারেন, বা আপনার কোনো প্রশ্ন থাকে, তবে স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তাদের এবং আপনার মা-বাবার কাছে জিজ্ঞাসা করুন।



এই দেশে থাকাকালীন, কর্মীরা আপনাদের পরিস্থিতি অনুযায়ী আরো তথ্য দেবে। আপনি যেকোনো সময় প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

**আপনার পরিস্থিতির ওপর নির্ভর করে, আপনি এবং আপনার পরিবার পাবেন:**



- একটি ঘুমানোর জায়গা



- খাবার



- কাপড়



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- আপনার পরিবার দৈনন্দিন খরচের জন্য কিছু অর্থও পেতে পারে।

আপনি যদি নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের অ্যাসাইলাম প্রার্থীদের আবাসন কেন্দ্রে থাকেন, তবে আপনাকে থাকার জায়গা, খাবার এবং নিজেকে পরিষ্কার রাখার সামগ্রী প্রদান করা হবে। আপনাকে এবং আপনার বাবা-মাকে দৈনন্দিন খরচের জন্য অর্থ দেওয়া হবে। প্রয়োজনে, আপনাকে ঋতু অনুযায়ী উপযুক্ত পোশাক দেওয়া হবে।

## স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

**কর্তৃপক্ষ নিশ্চিত করবে যেন আপনি প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা পান।**

**আপনার যদি কোনো শারীরিক সমস্যা থাকে, তাহলে সেটা আপনার পরিবার ও কর্মীদের জানাতে পারেন।** আপনার যদি দরকার হয়, তারা আপনাকে নার্স বা চিকিৎসকের কাছে যেতে সাহায্য করবেন।



যদি ডাক্তার মনে করেন দরকার আছে, তবে তিনি ওষুধ দেবেন এবং বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে যাওয়ার পরামর্শ দেবেন।

আপনার  কোনও নার্স বা ডাক্তারের সাথে স্বাস্থ্য পরীক্ষা করতে যাওয়ার প্রয়োজন আছে কি না তা কর্মকর্তারা আপনাকে এবং আপনার পরিবারকে জানাবেন।

তারা আপনার স্বাস্থ্য পরীক্ষা করবেন [*নির্বাচন করুন*] এবং প্রয়োজনীয় সাহায্য দেবেন।

যদি আপনার হঠাৎ কোনো অসুস্থতা হয় বা আঘাত পান, তাহলে সঙ্গে সঙ্গে আপনার মা-বাবা বা কর্মীদের বলুন।যদি আপনি আপনার থাকার জায়গার বাইরে থাকেন, তাহলে বিনা খরচে জরুরি নম্বর 112-এ ফোন করতে পারেন।


## কর্মীদের জানান যদি:







- আপনি অসুস্থ, আঘাত পেয়েছেন, বা জরুরি চিকিৎসা বা ওষুধের দরকার হয়
- আপনি যদি মাদকদ্রব্য ব্যবহার করেন বা মদ্যপান করেন
- আপনি যদি আগে কখনো বা এখন কারো কাছ থেকে মারধর বা খারাপ ব্যবহার পেয়ে থাকেন
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনি যদি নিজে হাঁটতে না পারেন, বা শুনতে বা দেখতে সমস্যা হয়
- আপনি যদি খুব চিন্তিত, বিষণ্ণ হন, ঘুমাতে না পারেন, বা আপনার মনে কোনো নেতিবাচক চিন্তা থাকে
- আপনি যদি কারও কারণে ভয় পান, সেটা অপরিচিত কেউ হোক বা পরিচিত কেউ
- আপনাকে যদি এমন কিছু করতে বাধ্য করা হয়ে থাকে বা করা হয়, যা আপনি করতে চান না
- আপনি যদি আপনার ধর্ম, ভালোবাসা, পোশাক বা আচরণের কারণে নিজেকে অসুরক্ষিত মনে করেন
- আপনার পরিবারের কারও সাহায্যের প্রয়োজন হয়।



## সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী?



এটা এমন একটি কার্যকলাপ, যেখানে আপনি অন্যান্য কর্মীদের সাথে দেখা করবেন, যারা আপনাকে কিছু প্রশ্ন করবেন, যাতে:

- আপনার **প্রয়োজনগুলো** বুঝতে
- আপনি কোন ধরনের **সহায়তা** চান তা ঠিক করতে।

এটি কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করবে, যেমন, আপনি ও আপনার পরিবার কোথায় থাকবেন তা নির্ধারণ করতে।

আপনি নার্স, চিকিৎসক ও কর্মীদের উপর আস্থা রাখতে পারেন। আপনি চাইলে তাদের সব কিছু জানাতে পারেন। আপনি যা বলবেন, তা আপনার বিনা অনুমতিতে আপনার মা-বাবা ছাড়া অন্য কাউকে জানানো হবে না। এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার বা অন্য কারোর জীবন ঝুঁকির মধ্যে পড়ে।

যদি আপনি না চান আপনার মা-বাবাকে জানানো হোক বা তারা এতে যুক্ত হোক, তাহলে কর্মকর্তাদের সেটি জানান।

## শিক্ষার অধিকার



একজন শিশু হিসেবে আপনার শেখার ও শিক্ষা লাভের অধিকার আছে। যদি আপনি স্কুলে যান আর সেই সময়ের মধ্যে আপনার বয়স 18 হয়ে যায়, তবুও আপনি পড়াশোনা শেষ না হওয়া পর্যন্ত স্কুলে যেতে পারবেন।

কর্মকর্তারা আপনাকে ও আপনার পরিবারকে কাছের স্কুলে ভর্তির আবেদনের জন্য সাহায্য করবে। তারা আপনাকে বিভিন্ন কোর্সে অংশগ্রহণের সুযোগ সম্পর্কে জানাবেন।

কর্মীরা আপনাকে শিক্ষামূলক এবং বিনোদনমূলক বিষয়গুলি সম্পর্কে জানাবেন যা আপনাকে শিখতে, নিজের উন্নতি করতে এবং নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।

## কাজ করার অধিকার





আপনার বয়স আর আপনার অবস্থার ওপর নির্ভর ক'রে, আপনি লাতভিয়ায় কাজ করার অনুমতি পেতে পারেন , যদি আপনি চান। নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তারাআপনাকে আরও বিস্তারিত জানাবেন।

লাতভিয়ায় অ্যাসাইলামের আবেদন নিবন্ধিত হওয়ার তিন মাস পর কাজ করার অধিকার প্রদান করা হয়, তবে শর্ত থাকে যে আপনি শরণার্থী বা বিকল্প মর্যাদা মঞ্জুর বা প্রত্যাখ্যানের বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত পাননি এবং আপনি একজন অ্যাসাইলাম প্রার্থীর পরিচয়পত্র পেয়েছেন।



15 বছরের কম বয়সী সকল ছেলে-মেয়ের কাজ করার অনুমতি নেই (ব্যতিক্রমী ক্ষেত্রে, তাদের 13 বছর বয়স থেকে কাজ করার অনুমতি দেওয়া হতে পারে)।

## আপনার অ্যাসাইলাম প্রার্থীতার নথি



আপনার অভিভাবক একটি ব্যক্তিগত নথি পাবেন যাতে আপনার নাম, পদবি এবং একটি ছবি থাকবে।

এই কাগজটি দেখাবে যে আপনি এই দেশে অ্যাসাইলাম প্রার্থী। আপনি সবসময় এই নথিটি আপনার সঙ্গে রাখবেন।

এই নথিটি গুরুত্বপূর্ণ, তাই এটি যাতে হারিয়ে না যায় সে বিষয়ে সতর্ক থাকুন এবং অন্য কাউকে দেবেন না।

এই নথিটির নাম অ্যাসাইলাম প্রার্থীর পরিচয়পত্র।

# আপনি ও আপনার পরিবার কোথায় থাকবেন?

আপনি আর আপনার পরিবার যখন অ্যাসাইলামের আবেদন করেছেন, তখন কর্তৃপক্ষ আপনাদের আবেদনটি যাচাই করার সময় আপনারা কোথায় থাকবেন—তা আপনাদের অবস্থার ওপর নির্ভর করে।



কর্মকর্তারা আপনাদের জানাবেন **আপনাদের কোথায় থাকতে হবে**, যেমন কোনো নির্দিষ্ট আশ্রয়কেন্দ্র, শহর, বা অঞ্চল।

এটা নির্ভর করবে জায়গা ফাঁকা আছে কি-না বা আপনার পরিবারের কী প্রয়োজন তার ওপর।

যদি আপনার পরিবার কিছুদিনের জন্য আশ্রয়কেন্দ্রের বাইরে থাকতে চান, বা শহর বা এলাকা ছাড়তে চান, তাহলে তাদের কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

**আপনি ও আপনার পরিবার শুধুমাত্র সেই জায়গায় সহায়তা ও পরিষেবা পাবেন, যেটি কর্তৃপক্ষ ঠিক করেছে।**

কখনও খুব বিশেষ ক্ষেত্রে, পরিবারগুলো এমন কেন্দ্রে থাকতে পারে যেখানে তারা ইচ্ছেমতো বাইরে যেতে পারবেন না। যদি আপনারা এমন অবস্থায় থাকেন, তাহলে কর্মীরা আর আইনি পরামর্শদাতা আপনাদের সাহায্য করবেন।

**আপনারা যেখানেই থাকেন না কেন, আপনাদের অধিকার থাকবে:**



- **আপনার পরিবারের সঙ্গে থাকার**



- **যদি আপনি না জানেন আপনার পরিবারের কে কোথায় আছে, তাহলে তাদের খুঁজে পেতে সাহায্য পাওয়ার।**

**আপনার নিরাপদে থাকার অধিকার আছে। কারুর কখনোই নিচের কাজগুলো করার অনুমতি নেই:**




আপনাকে ভয় দেখানোর | আপনাকে অপমান করার | আপনার ক্ষতি করার


তারা যেই হোক না কেন, কোনো অপরিচিত ব্যক্তি বা আপনার পরিচিত কেউ। যদি আপনার মা-বাবা বা কর্মীদের সঙ্গে কোনো সমস্যা হয়, আপনি নির্ভয়ে সেটা জানাতে পারেন।

## যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন?



আপনি এ বিষয়ে এমন কারোর সঙ্গে কথা বলতে পারেন যাকে আপনি বিশ্বাস করেন, যেমন আপনার পরিবারের কেউ, কোনো কর্মকর্তা, অথবা অথবা স্টেট বর্ডার গার্ড বা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তার সাথে।

যদি কেউ আপনাদের সঙ্গে খারাপ আচরণ করে, তাহলে আপনি শিশু ও কিশোর-কিশোরী বিষয়ক হেল্পলাইন 116111-এ অভিযোগ জানাতে পারেন যাতে এমন ঘটনা আবার না ঘটে। এটাকে বলে “অভিযোগ করা”।



**সাবধান!**
যদি আপনি আপনার থাকার জায়গার বাইরে থাকেন এবং বিপদে পড়েন, তাহলে আপনি যেকোনো ফোন থেকে বিনা খরচে জাতীয় জরুরি নম্বর 112 -তে ফোন করতে পারেন।

## আপনি ও আপনার পরিবারের রিসেপশনে কী কী বাধ্যবাধকতা আছে?

সব সময় সত্য কথা বলা খুব জরুরি। কখনো নিজের কথা বলতে ভয় লাগতে পারে বা কঠিন মনে হতে পারে, তবুও আপনাকে সাহস নিয়ে কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করতে হবে।

কর্মীরা যদি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন, তাহলে তারা আপনাকে সাহায্য করতে পারবেন।



আপনি ও আপনার পরিবার যেখানেই থাকেন না কেন, সেখানে কিছু নিয়ম থাকবে, যেগুলো মানতে হবে। যেমন আপনাদের অন্যান্য বাসিন্দা এবং কর্মীদের সম্মান করতে হবে এবং নির্ধারিত শান্ত সময়ে কোনো শোরগোল করা যাবে না।

কর্মীরা আপনাদের বুঝিয়ে দেবে কী কী নিয়ম আছে আর যদি কেউ নিয়ম না মানে, তখন কী হতে পারে।

আপনি ও আপনার পরিবারের জন্য এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনারা:

- ✅ যে জায়গায় আছেন, সেই জায়গার নিয়ম মেনে চলবেন ;
- ✅ কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে হবে এবং তাদের নির্দেশাবলী অনুসরণ করতে হবে;
- ✅ অন্যান্য বাসিন্দা, কর্মকর্তা এবং অন্যান্য ব্যক্তিদের সম্মান করতে হবে;
- ✅ স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের অফিসকে আপনার বর্তমান ঠিকানা এবং যোগাযোগের তথ্য (ফোন নম্বর, ই-মেইল ঠিকানা) এবং কোনো পরিবর্তন সম্পর্কে জানান, যাতে তারা যেকোনো সময় আপনার সাথে যোগাযোগ করতে পারে।
- ❌ যে জায়গায় কর্তৃপক্ষ আপনাদের থাকতে বলেছেন, সেখান থেকে চলে যাবেন না;
- ✅ এই দেশের আইন মেনে চলুন, যা কর্মীরা আপনাদের ব্যাখ্যা করবেন।

## আপনি বা আপনার পরিবার আপনাদের বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হলে কী হবে?



যদি এমন কিছু ঘটে, তাহলে আপনারা খোলাখুলি ভাবে স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তাদেরসাথে কথা বলতে পারেন এবং আপনার পরিস্থিতি এবং কারণ বুঝিয়ে বলতে পারেন।

কর্তৃপক্ষ বিষয়টি ভালোভাবে খতিয়ে দেখবে, আর যদি কোনো ব্যবস্থা নিতে হয়, তাহলে আপনার মা-বাবাকে জানাবে।



যেমন, যদি আপনার পরিবারের কেউ কর্তৃপক্ষ যেই জায়গায় থাকতে বলেছে, সেখান থেকে চলে যায়, তাহলে **ওই পরিবারের সদস্য কম সহায়তা পেতে পারে**।



যদি আপনার পরিবারের কেউ হিংস্র আচরণ করে, **তাহলে সে তার সহায়তার কিছু অংশ হারাতে পারে**। এমন হলে পুলিশকে ডাকা হতে পারে।

**আপনি এবং আপনার পরিবার এখন লাতভিয়ায়আছেন, যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপিয়ান ইউনিয়নের (EU) 27টি সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন, এবং সুইজারল্যান্ড।

# অ্যাসাইলাম চাওয়া এবং ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশগুলোতে ভ্রমণের নিয়ম

**স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তারা আপনাকে ও আপনার পরিবারকে এই গুরুত্বপূর্ণ নিয়মগুলো বুঝিয়ে দেবে।**



- ✔ আপনি ও আপনার পরিবারকে লাতভিয়ায়থাকতে হবে এবং অন্য কোনো ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশে চলে যাওয়া যাবে না।

- ✔ যদি আপনাদের পরিবারের কেউ এই দেশগুলোর কোনো একটিতে থাকে, তাহলে কর্তৃপক্ষ আপনাদের জানাবে কীভাবে পরিবারের সবাই আবার একত্রে থাকতে পারবেন। শুধু চলে যাবেন না।

  আপনি হয়তো এই দেশ ছাড়ার কথা ভাবতে পারেন, বা কেউ আপনাদের চলে যেতে বলতেও পারে। আপনি ও আপনার পরিবার স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তাদের সাথে কথা বলতে পারেন এবং তাদের পরিস্থিতি সমন্ধে বুঝিয়ে বলতে পারেন। স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তারাআপনাকে পরামর্শ দিতে পারেন।


- ✖ যদি আপনারা চলে যান, তাহলে তার ফল খারাপ হতে পারে, যার সমন্ধে এই ব্রোশিওরে বিস্তারিত ভাবে লেখা আছে। যেমন, অন্য দেশে গেলে আপনারা আগের মতো সহায়তা পাবেন না।

- ✔ মনে রাখুন, আপনারা প্রথম যে ইউরোপিয়ান ইউনিয়ান (EU+) দেশে এসেছিলেন, সেখানেই আপনাদের অ্যাসাইলামের আবেদন জমা দিতে হবে, যদি না কর্তৃপক্ষ আপনাদের অন্য কিছু করতে বলে।

- ✔ এই দেশগুলোর মধ্যে কেবল একটি দেশ আপনাদের অ্যাসাইলামের আবেদন পরীক্ষা করবে। লাতভিয়ার কর্তৃপক্ষ আপনাকে জানাবে, যে কোন দেশ এর জন্য দায়ী।

আপনারা এসব নিয়ম-কানুন আলাদা ব্রোশিওরে আরো ভালোভাবে জানতে পারবেন।

## যদি আপনি ও আপনার পরিবার কোনো ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশে চলে যান, তাহলে কী হবে?




**লাতভিয়ায়:**

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউরের আবেদন প্রক্রিয়া থেমে যেতে পারে।

**অন্য EU+ দেশে:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাদের সেই দেশেই ফেরত পাঠানোর, যেখান থেকে আপনারা এসেছিলেন।

যখন কর্তৃপক্ষ আপনাদের জানাবে যে আপনাদের ফেরত পাঠানো হবে, তখন থেকেই আপনারা কিছু অধিকার হারাবেন। যেমন:

- আপনারা কিছু ধরনের সহায়তা পাবেন না এবং
- আপনারা আর কাজ করতে পারবেন না।

## যদি আপনি এবং আপনার পরিবার কর্তৃপক্ষের নেওয়া কোনো সিদ্ধান্তের সঙ্গে একমত না হন, তাহলে কারা আপনাদের সাহায্য করতে পারেন?



আপনারা একজন আইনি পরামর্শদাতার কাছে সাহায্য চাইতে পারেন। একজন আইনি পরামর্শদাতা এমন একজন ব্যক্তি, যিনি এই দেশের নিয়ম-কানুন ভালোভাবে জানেন। তিনি আপনাদের পরিস্থিতি বুঝে আপনাদের সাহায্য করতে পারেন।

কর্মীরা আপনাদের বেসরকারী সংস্থা সম্পর্কে অবহিত করবেন যারা আপনাদের তথ্য এবং সহায়তা প্রদান করতে পারেন।




আপনারা চাইলে যেকোনো সময় জাতিসংঘের শরণার্থী সংস্থা (UNHCR)-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। UNHCR সেইসব মানুষকে সাহায্য করে ও রক্ষা করে, যাদের নিজেদের দেশ ছেড়ে যেতে বাধ্য করা হয়েছে।

## যদি কোনো সহায়তা পরিবর্তিত হয়, তাহলে কী হবে?

যদি নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক অফিসসিদ্ধান্ত নেয় যে আপনার পরিবারের কোনো সদস্যের প্রাপ্ত সহায়তা কমানো বা বন্ধ করা হবে 15পাতায় বর্ণিত পরিস্থিতির কারণে, তখনও ওই পরিবারের সদস্য তার নিজের অবস্থা ও প্রয়োজন অনুযায়ী কিছু সহায়তা পাবেন। তারা তখনও চিকিৎসক বা নার্সের কাছে যেতে পারবেন, চিকিৎসা সেবা পাবেন, কর্তৃপক্ষের দ্বারা নির্ধারিত স্থানে সহায়তা ও থাকার ব্যবস্থা পাবেন।



যদি কর্তৃপক্ষ আপনাদের রিসেপশন সহায়তা বন্ধ করে দেয়, কারণ আপনারা অন্য কোনো ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশে গিয়েছিলেন, তবুও আপনারা কিছু সহায়তা পেতে থাকবেন, আর সেটা আপনাদের পরিস্থিতি ও প্রয়োজনের ওপর নির্ভর করবে।

আপনি তবুও স্কুলে যেতে পারবেন।

# যোগাযোগের তথ্য

যদি আপনার এবং আপনার পরিবারের আপনার প্রশ্ন থাকে বা আপনাদের থাকার সময় কোনো সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনারা কর্মরত কর্মীদের সাথে কথা বলতে পারেন:

## অ্যাসাইলাম প্রার্থী গ্রহণ কেন্দ্রসমূহ

স্টেট বর্ডার গার্ড
ঠিকানা: Rūdolfa iela 5, Riga
ফোন: +371 67913300
ই-মেইল: pasts@rs.gov.lv
https://www.rs.gov.lv/

নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক অফিস
ঠিকানা: Čiekurkalna 1. līnija 1, k-3, Riga
ফোন: +371 67209400
ই-মেইল: pasts@pmlp.gov.lv
https://www.pmlp.gov.lv/

নিম্নলিখিত বিষয়গুলির সাথে সম্পর্কিত প্রশ্নের জন্য আপনারা এই সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেন:

## চিকিৎসা সহায়তা



**জাতীয় স্বাস্থ্য পরিষেবা**
ঠিকানা: Cēsu iela 31 k-3, entrance 6, Riga
ফোন: +371 80001234
ই-মেইল: nvd@vmnvd.gov.lv
https://www.vmnvd.gov.lv

## মানসিক-সামাজিক সাপোর্ট



**শিশু ও কিশোর-কিশোরীদের হেল্পলাইন 116111**

শিশু ও কিশোর-কিশোরীদের মনস্তাত্ত্বিক সহায়তা এবং সংকটকালীন পরিস্থিতিতে সহায়তা প্রদান করে।

## শিশু সুরক্ষা



**শিশু সুরক্ষা কেন্দ্র**

ঠিকানা: Ventspils iela 53, Riga

ফোন: +371 67359128

ই-মেইল: pasts@bac.gov.lv

https://www.bac.gov.lv

**শিশু ও কিশোর-কিশোরীদের হেল্পলাইন 116111**

শিশু ও কিশোর-কিশোরীদের মনস্তাত্ত্বিক সহায়তা এবং সংকটকালীন পরিস্থিতিতে সহায়তা প্রদান করে।

## বিপদে পড়া শিশুদের জন্য হেল্পলাইন



যদি আপনি উপেক্ষিত বোধ করেন বা বিপদে পড়েন, তাহলে আপনি কল করতে পারেন বিনামূল্যে 112 এ।

যদি আপনার ভাই, বোন বা বন্ধু হারিয়ে যায়, তাহলে আপনি 116 000 – Missing Children Europe-এ কল করতে পারেন

## আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



কোর্ট অ্যাডমিনিস্ট্রেশন

ঠিকানা: Antonijas iela 6, Riga

ফোন: +371 67063800

ই-মেইল: pasts@ta.gov.lv

https://www.ta.gov.lv

## জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)
শরণার্থী এবং অ্যাসাইলাম প্রার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে।




UNHCR (UN-এর শরণার্থী সংস্থা)
ঠিকানা: Antonijas iela 9, Riga
ফোন: +46 10 101 28 00
ই-মেইল: swest@unhcr.org
https://www.unhcr.org/

| | |
|---|---|
| **সোসাইটি ইন্টিগ্রেশন ফাউন্ডেশন ওয়ান স্টপ শপ** | ওয়ান স্টপ শপ গ্রাহক সেবা কেন্দ্রসমূহ<br>ঠিকানা:<br>Raiņa bulvāris 15, Riga, ফোন: +371 26959706<br>Rožu iela 6, Liepāja, ফোন: +371 22811020<br>Ģimnāzijas iela 11, Daugavpils, ফোন: +371 29557630<br>https://livelatvia.lv/ |
| **লাতভিয়ান মানবাধিকার কেন্দ্র** | ঠিকানা: Alberta iela 13, Riga<br>ফোন: +371 67039290<br>ই-মেইল: office@humanrights.org.lv<br>https://cilvektiesibas.org.lv/ |

যদি আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয় এবং আপনি বিপদে পড়েন, তখন অবিলম্বে আপনার বাবা-মা এবং কর্মীদের জানান। তারা আপনাকে সাহায্য করবেন!

যদি আপনি এবং আপনার পরিবার নিজেদের বাসস্থানের বাইরে থাকেন এবং আপনাদের কোনো দুর্ঘটনা ঘটে বা বিপদে পড়েন, আপনারা বিনামূল্যে এই জরুরি নম্বরে কল করতে পারেন:



**জরুরি চিকিৎসা সেবা এবং পুলিশ: 112**

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো
ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025